দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 22 AUG 2016 ...
পৃঃ ...৫... কলাম ...৫...

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

২০১১ সন থেকে ২০১৪ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৬ সনের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করেছে কেবল তারাই ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। ভর্তি প্রার্থীরা ২২/০৮/২০১৬ (সকাল ১০: ০০টা) থেকে ০৭/০৯/২০১৬ (রাত ১২: ০০টা) তারিখ পর্যন্ত সময়ের মধ্যে Internet-এর সুবিধাসম্বলিত কম্পিউটার থেকে Dhaka University Admission Website (http://admission.eis.du.ac.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করে টাকা জমাদানের জন্য নির্ধারিত পেমেন্ট স্লিপ ডাউনলোড করে ব্যাংকে টাকা জমা দিতে পারবে।

**ক-ইউনিট:** **বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস ও ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখার ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম ও IGCSE/O Level এবং IAL/GCE A Level পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস ও ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদে অন্তর্ভুক্ত বিভাগ/বিষয়সমূহ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে মেধা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তিচ্ছু বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি-নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**খ-ইউনিট:** **কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ-এর সকল বিভাগ এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগ, জীববিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সমাজকল্যাণ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষা, (বি.এড সম্মান), আধুনিক ভাষা ইনস্টিটিউটের ইংরেজিসহ বিভিন্ন বিদেশী ভাষায় সম্মান কোর্স এবং স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের স্বাস্থ্য অর্থনীতি, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ-এর ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ বিষয়।**

মানবিক শাখার ছাত্র-ছাত্রী এবং IGCSE/O Level এবং IAL/GCE A Level বা সমতুল্য পরীক্ষায় যাদের কমপক্ষে ২টি মানবিক শাখার বিষয় আছে তারা আবেদন করতে পারবে।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ঘ-ইউনিটের (Transfer Unit) মাধ্যমে এই ইউনিটের বিভাগগুলোতে ভর্তি হতে পারবে না।

মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখার আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি-নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

### গ-ইউনিট: বিজনেস স্টাডিজ অনুষদ

**ব্যবসায় শিক্ষা এবং IGCSE/O Level এবং IAL/GCE A Level বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগে ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে ন্যূনতম বি-গ্রেড (গ্রেড-পয়েন্ট ৩.০) হতে হবে। ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

গ-ইউনিটভুক্ত প্রার্থীরা কেবল বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের আসনগুলোতে ভর্তি হতে পারবে। তাদের ক, খ ও ঘ ইউনিটভুক্ত বিভাগগুলোতে 'গ' ইউনিটের পরীক্ষার মাধ্যমে ভর্তির কোন সুযোগ থাকবে না। তবে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগগুলোতে ভর্তি প্রার্থীদের ঘ-ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে হবে।

### ঘ-ইউনিট: বদলি ইউনিট (Transfer Unit)

**মানবিক/বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/ IGCSE/O Level এবং IAL/GCE A Level বা সমতুল্য শাখার ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি-নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

মানবিক শাখার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা থেকে আগত যে সকল প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মধ্যে যাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কোন বিষয়ে বি-গ্রেড (গ্রেড পয়েন্ট ৩.০)-এর নিচে আবেদন গ্রহণযোগ্য হবে না। এই ইউনিটের আওতায় যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে-বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় নির্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

### চ-ইউনিট: চারুকলা অনুষদ

**এই ইউনিটের আওতায় নিম্নোক্ত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করা যাবে:**

১. অঙ্কন ও চিত্রায়ণ ২. গ্রাফিক ডিজাইন ৩. প্রিন্টমেকিং ৪. প্রাচ্যকলা ৫. মৃৎশিল্প ৬. ভাস্কর্য ৭. কারুশিল্প ও ৮. শিল্পকলার ইতিহাস। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার যে কোন শাখায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

### সাধারণ নিয়মাবলী (সকল ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য)

১। IGCSE/O Level এবং IAL/GCE A Level প্রার্থীর ক্ষেত্রে : ২০১১ সন থেকে ২০১৪ সন পর্যন্ত IGCSE/O Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১৬ সনের ফল প্রকাশিত IAL/GCE A Level পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদের IGCSE/O Level এবং IAL/GCE A Level মোট ৭টি বিষয়ের মধ্যে যথাক্রমে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড থাকতে হবে।

২। সমমানের বিদেশী/সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অনুমতি সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে সংশ্লিষ্ট অনুষদ কর্তৃক সমতা নিরূপিত হলেই কেবল তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও সকল প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

P.T.O